রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুলাই ২৩, ২০১৮**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ/২২ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-৫৬**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০-এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুলাই, ২০১৮ তারিখের স্মারক নং-১০.০০. ০০০০.১২৫. ৯৯.০০১.১৭.৫০১-এর পরিপ্রেক্ষিতে আগামী ২৫ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য নিম্নবর্ণিত ছকে বিভিন্ন জেলার ইউনিয়ন পরিষদসমূহে সাধারণ/স্থগিত নির্বাচন এবং শূন্যপদে উপনির্বাচন উপলক্ষে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act of 1898) এর অধীন বিচারার্থে আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত নিম্নলিখিত তফসিলের ৩নং কলামে বর্ণিত উপজেলার অধীন ইউনিয়ন পরিষদসমূহে ৬নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৯ (নয়) জন কর্মকর্তাগণকে ভোটগ্রহণের পূর্বের দিন, ভোটগ্রহণের দিন, ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৪ জুলাই, ২০১৮ হতে ২৭ জুলাই, ২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য নিয়োগ প্রদান করল :

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | ম্যাজিস্ট্রেট সংখ্যা | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সাধারণ নির্বাচন/স্থগিত নির্বাচন | | | | | |
| ১. | জয়পুরহাট | ক্ষেতলাল | বড়াইল | ০১ | জনাব গোলাম মাহফুজ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট |
| ২. | টাঙ্গাইল | কালিহাতি | বীরবাসিন্দা<br>পারখী | ০১ | জনাব রূপন কুমার দাশ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |
| ৩. | পটুয়াখালী | কলাপাড়া | লালুয়া | ০১ | জনাব মোঃ মনিবুজ্জামান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,<br>কলাপাড়া চৌকি, পটুয়াখালী |



**মূল্য :** টাকা ৪.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৪. | খাগড়াছড়ি | মানিকছড়ি | যোগ্যছোলা | ০১ | জনাব আবু সুফিয়ান মোঃ নোমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি |
| শূন্যপদে উপনির্বাচন | | | | | |
| ৫. | সিরাজগঞ্জ | কাজিপুর | খাসরাজবাড়ী | ০১ | জনাব হাবিবুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |
| ৬. | বরিশাল | আগৈলঝাড়া | গৈলা | ০১ | জনাব মোঃ ফারুক হোসাইন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল |
| ৭. | মানিকগঞ্জ | ঘিওর | নালী | ০১ | জনাব শাকিল আহমেদ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ |
| ৮. | নরসিংদী | রায়পুরা | বাঁশগাড়ী | ০১ | বেগম নাহীদ রুমানা মিতু, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নরসিংদী |
| ৯. | নোয়াখালী | বেগমগঞ্জ | ছয়ানী | ০১ | জনাব মাসাফিকুল হক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী |
| | | | মোট : | ০৯ (নয়) জন | |

২। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনের প্রতিদিনের প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**<u>ছক</u>**

জেলার নাম : .................... থানা/উপজেলার নাম : ..................... ইউনিয়নের নাম : ..................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত একজন সশস্ত্র পুলিশ কর্মকর্তা (এ.এস.আই এর নিম্নে নয়) এবং দুইজন কনস্টেবল নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd